# অবস্থান্তর: স্কুলে একটি ইতিবাচক সূচনা

## পরিবারের জন্য তথ্যপত্র

**স্কুল শুরু করা চ্যালেঞ্জিং আর উত্তেজনাপূর্ণ উভয়ই হতে পারে। এই তথ্যপত্র ব্যাখ্যা করে যে কিভাবে আপনার সন্তানের শৈশবকালীন সার্ভিস স্কুলে আপনার সন্তানের ইতিবাচক সূচনা করতে সহায়তা করবে।**

আপনার শিশু ইতোমধ্যে অনেকগুলি অবস্থান্তরের মধ্য দিয়ে গেছে, যেমন:

- একটি ক্রিয়াকলাপ বা রুটিন থেকে অন্যটিতে চলে যাওয়া
- খেলার দিন বা ছুটির দিন উপভোগে যাওয়া
- চাইল্ড কেয়ার বা কিন্ডারগার্টেন শুরু করা।

এই অভিজ্ঞতাগুলো আপনার শিশু কিভাবে নতুন জায়গা আর জিনিসে প্রতিক্রিয়া দেখায় আর তাদের কী সহায়তা প্রয়োজন হয় তা পরীক্ষা করতে আপনাকে সহায়তা করে।

### স্কুলে একটি ইতিবাচক সূচনা কেন গুরুত্বপূর্ণ?

স্কুলে একটি ইতিবাচক সূচনা আপনার শিশুকে সহায়তা করে:

- ভালো শেখা আর মঙ্গলজনক ফলাফল অর্জনে
- তাদের শেখা আর বিকাশের বাধাকে এড়াতে
- সুরক্ষিত, আত্মবিশ্বাসী আর সংযুক্ত বোধ করতে।

### আপনার সন্তানকে স্কুলে ভর্তি করা

বেশিরভাগ স্কুল শিশুদের স্কুল শুরু করার আগে বছরের মে মাসে ভর্তি শুরু করে। ভর্তি, অবস্থান্তরের সময় আপনাকে স্কুলের কার্যক্রমে অংশগ্রহণ করায় এবং স্কুল সম্পর্কে জানতে অধিক সুযোগ দেয়। বছর শেষ হওয়ার আগে এবং স্কুলের প্রথম কয়েক দিন পর্যন্ত চলতে থাকলে এই ক্রিয়াকলাপগুলি বাচ্চাদের অবস্থান্তর প্রক্রিয়া ভালোভাবে সম্পন্ন করতে দেয়।

### স্কুল প্রোগ্রাম আর কার্যক্রমে অবস্থান্তর

স্কুলে অবস্থান্তর আপনাকে আর আপনার সন্তানকে সহায়তা করে:

- স্কুল কেমন হবে তা বুঝতে
- অন্যান্য শিশু আর পরিবারের সাথে বন্ধুত্ব তৈরি করতে।

### ট্রানজিশন লার্নিং অ্যান্ড ডেভেলপমেন্ট স্টেটমেন্ট

আপনার সন্তানের শৈশবকালীন শিক্ষক একটি ট্রানজিশন লার্নিং অ্যান্ড ডেভেলপমেন্ট স্টেটমেন্ট (ট্রানজিশন স্টেটমেন্ট হিসাবে পরিচিত) লিখবেন। ট্রানজিশন স্টেটমেন্ট আপনার সন্তানের স্কুল আর প্রেপ শিক্ষককে আপনার শিশুকে জানতে আর তাদের শেখার পরিকল্পনা প্রস্তুত করতে সহায়তা করে। ট্রানজিশন স্টেটমেন্টে থাকবে:

- আপনার সন্তানের নাম, জন্ম তারিখ ও ছবি
- আপনার নাম আর যোগাযোগের বিস্তারিত তথ্য
- শৈশবকালীন সার্ভিস এবং আপনার সন্তানকে সহায়তা করা অন্যান্য প্রাথমিক শৈশবকালীন পেশাদারদের নাম ও যোগাযোগের বিস্তারিত তথ্য
- আপনার সন্তানের আগ্রহ, দক্ষতা ও সামর্থ্য সম্পর্কিত তথ্য
- আপনার সন্তানকে শিক্ষা প্রদানের জন্য সেরা শেখার কৌশল।

আপনার সন্তান যদি স্কুল সময়ের বাইরের পরিচর্যা (Outside School Hours Care, OSHC)-তে যায় তাহলে OSHC সার্ভিসের সাথে ট্রানজিশন স্টেটমেন্টের একটি অনুলিপি শেয়ার করা হবে।

আপনাকে আপনার সন্তানের একটি সম্পূর্ণ ট্রানজিশন স্টেটমেন্টের অনুলিপি দেওয়া হবে। এটি আপনাকে আপনার সন্তানের শেখার বিষয়ে বোঝা, সমর্থন এবং আলোচনা করতে সহায়তা করতে পারে।

আপনার সন্তানের ট্রানজিশন স্টেটমেন্ট যা যা করতে সহায়তা করে:

- আপনার সন্তানের আগ্রহ বিষয়ক পরিকল্পনা করতে
- আপনার সন্তানের শৈশবকালীন সার্ভিস থেকে স্কুলে সহজে অবস্থান্তরে সহায়তা করে।

ট্রানজিশন স্টেটমেন্ট সাধারণত টার্ম 4-এ লেখা হয়। তবে, আপনার সন্তানের কোনো প্রতিবন্ধীত্ব বা বেড়ে ওঠা সংশ্লিষ্ট বিলম্ব থাকলে জুন বা জুলাইয়ে ট্রানজিশন স্টেটমেন্টটি আগাম লেখা যেতে পারে। এটি আপনার সন্তানকে সহায়তা করার জন্য কোনো অতিরিক্ত পরিকল্পনা প্রয়োজন থাকলে আপনাকে ও স্কুলকে তা শুরু করতে সহায়তা করবে।

ট্রানজিশন স্টেটমেন্টে আপনার পূরণ করার জন্য একটি সেকশন রয়েছে। কারণ আপনি আপনার সন্তানের সম্পর্কে সবচেয়ে ভালো জানেন ফলে আপনার অবদান অত্যন্ত মূল্যবান। এটি আপনার আর আপনার সন্তানের জন্য স্কুলের একটি ইতিবাচক সূচনা করার জন্য স্কুলকে সহায়তা করবে।

আপনি এবং আপনার সন্তানের শৈশবকালীন শিক্ষকের মতো কোনো প্রাপ্ত বয়স্কের সহায়তা নিয়ে আপনার সন্তানের পূরণ করার জন্যও একটি সেকশন রয়েছে। এতে থাকতে পারে:

- কোনো আঁকা
- স্কুল সম্পর্কে আপনার সন্তানের কোনো আগ্রহ
- স্কুল শুরু করার বিষয়ে তারা কী ভাবছে।

## তথ্য যেভাবে শেয়ার করা হয়

ট্রানজিশন স্টেটমেন্ট Insight Assessment Platform ব্যবহার করে অনলাইনে শেয়ার এবং সংরক্ষণ করা হয়। Insight Assessment Platform সম্পর্কিত তথ্য অস্ট্রেলিয়ায় নিরাপদে সংরক্ষণ করা আছে।

সকল ভিক্টোরিয়ান সরকারি স্কুলগুলো (এবং কিছু ক্যাথলিক আর স্বতন্ত্র স্কুল) প্রতিটি সন্তানের শেখা ও উন্নয়নের রেকর্ড রাখতে Insight Assessment Platform ব্যবহার করে। আপনার সন্তানের স্কুল যদি Insight Assessment Platform ব্যবহার না করে তাহলে তাদেরকে ট্রানজিশন স্টেটমেন্টের একটি কাগজ বা ইলেক্ট্রনিক অনুলিপি প্রদান করা হবে।

শিক্ষা ও প্রশিক্ষণ বিভাগ (The Department of Education and Training) কখনো কখনো বাইরের সার্ভিস প্রোভাইডারও ব্যবহার করে। বিভাগের হয়ে কাজ করা সার্ভিস প্রোভাইডারদেরকে অবশ্যই তথ্য সুরক্ষামূলক ব্যবস্থা গ্রহণ করতে হয়। Insight Assessment Platform বিভাগের **তথ্য গোপনীয়তা নীতি** www.education.vic.gov.au/Pages/privacypolicy অনুসরণ করে।

বিভাগ পর্যবেক্ষণ আর গবেষণার জন্য ট্রানজিশন স্টেটমেন্টের তথ্য ব্যবহার করতে পারে। এই তথ্যগুলো সংখ্যা আর গ্রাফে উপস্থাপন করা হবে এবং শিশুদের নাম উল্লেখ করা থাকবে **না**।

Insight Assessment Platform সম্পর্কে আরো তথ্যের জন্য psts@edumail.vic.gov.au-এ বিভাগের সাথে যোগাযোগ করুন।

কখনো কখনো Victorian (ভিক্টোরিয়ান) শিক্ষা আর পরিচর্যা পেশাদারদের শিশুর সুস্বাস্থ্য বা সুরক্ষায় সহায়তা করার জন্য তথ্য শেয়ার করার প্রয়োজন হয়। যত্নের দায়িত্ব, বৈষম্যবিরোধীতা, পেশাগত স্বাস্থ্য ও সুরক্ষা এবং শিশুদের সুস্থতা ও সুরক্ষার বাধ্যবাধকতা পূরণের প্রয়োজনে আপনার শৈশবকালীন শিক্ষা সার্ভিসটি আপনার শিশু এবং পরিবার সম্পর্কে তথ্য শেয়ার করতে পারে। আরো তথ্যের জন্য, https://www.vic.gov.au/information-sharing-schemes-and-the-maram-framework-এ যান।

## আরো তথ্যের জন্য

অনুগ্রহ করে করে www.education.vic.gov.au/transitiontoschool-এ যান।

এই ডকুমেন্টটি www.education.vic.gov.au/transitiontoschool-এ বিভিন্ন ভাষায় পাওয়া যায়।